# গৌরীপুর পরিষদের মে/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী:

তারিখ: ২৮/০৫/২০২৫ খ্রি.

সভাপতি ঃ এম. সাজ্জাদুল হাসান
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
গৌরীপুর, ময়মনসিংহ।

সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা

সভার স্থান ঃ অফিসার্স ক্লাব হল রুম, গৌরীপুর, ময়মনসিংহ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট -'ক' দ্রষ্টব্য

সভাপতি অদ্যকার সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি অত্র উপজেলা পরিষদের গত এপ্রিল/২০২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় উপজেলা পরিষদ কর্তৃক তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর উপজেলা পরিষদ কর্তৃক বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও বিভিন্ন বিভাগ/দপ্তরের উন্নয়ন কার্যক্রম সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **০১। উপজেলা কৃষি বিভাগ** | | |
| উপজেলা কৃষি অফিসার, গৌরীপুর: জানান যে, উপজেলা কৃষি বিভাগের দাপ্তরিক নিয়মিত কার্যক্রমসমূহ সুষ্ঠুভাবে চলমান রয়েছে। তিনি জানান যে, অত্র উপজেলায় রোপা আমনের লক্ষ মাত্রা ২০৭.২০ হেক্টর, সারের মূল্য নিয়ন্ত্রণের জন্য নিয়মিত সার মনিটরিং কার্যক্রম পরিচালিত হচ্ছে। সারের বর্তমান মজুদ- ইউরিয়া ২২৮ টন, টিএসপি ২৪.৯৫ মে. টন, ডিএপি ৫৪.৩৫ টন, এমওপি ১৪৫ টন রয়েছে।<br>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে তিনি জনপ্রতিনিধি-সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে জনপ্রতিনিধি-সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা কৃষি অফিসার ও সংশ্লিষ্ট সকল গৌরীপুর, ময়মনসিংহ। |
| **০২। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ** | | |
| প্রাণিসম্পদ দপ্তর: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ অফিসের নিয়মিত কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।<br>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নে উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | উপজেলা প্রাণিসম্পদ ব্যবস্থাকে যুগপোযোগী ও মানসম্মত করার লক্ষ্যে জনপ্রতিনিধি-সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | প্রাণিসম্পদ অধিদপ্তর গৌরীপুর, ময়মনসিংহ |
| **০৩। উপজেলা মৎস্য বিভাগ** | | |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গৌরীপুর: অদ্যকার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে জানান যে, উপজেলা মৎস্য অফিসের নিয়মিত কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।<br>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নে উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | সংশ্লিষ্ট সকল গৌরীপুর |
| **০৪। উপজেলা প্রকৌশল বিভাগ** | | |
| **উপজেলা প্রকৌশলী, গৌরীপুর:** সভায় উপজেলা প্রকৌশলী জানান, এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় দরপত্র ও পিআইসির মাধ্যমে কাজগুলো চলমান আছে, নির্দিষ্ঠ সময়ের মধ্যে উক্ত কাজগুলো সমাপ্ত হবে। তিনি গৌরীপুর উপজেলার সিধলা ইউনিয়নের ১ টি কাঁচা সড়ক পাকা করনের নিমিত্তে নতুন আইডির প্রস্তাব করেন। উর্ধতন কর্তৃপক্ষের নিকট উক্ত প্রস্তাব প্রেরনের সিদ্ধান্ত গৃহিত হয়। উপজেলা নির্বাহী অফিসার ও উক্ত কাজগুলো দ্রুত শেষ করার জন্য তাগিদ প্রদান করেন। ভাংনামারি চেয়ারম্যান জানান স্কুলের কাজ দ্রুত শেষ করার জন্য অনুরোধ জানান।<br>তিনি আরও জানান এলজিইডির অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিধিমোতাবেক কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থানীয় সরকার মন্ত্রণালয়, উপজেলা প্রকৌশলী, গৌরীপুর |
| **০৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** | | |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা, গৌরীপুর অদ্যকার সভায় জানান যে, গৌরীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নিয়মিত কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।<br>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নে উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর ময়মনসিংহস সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | স্বাস্থ্য সেবাকে যুগপোযোগী ও মানসম্মত করার লক্ষ্যে জনপ্রতিনিধি-সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা, গৌরীপুর |

| | | |
|---|---|---|
| **০৬। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ** | | |
| উপজেলা শিক্ষা অফিসার, গৌরীপুর জানান যে, উপজেলা শিক্ষা অফিসের নিয়মিত কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে বাস্তবায়নে উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে যুগপোযোগী ও মানসম্মত করার লক্ষ্যে জনপ্রতিনিধি-সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল গৌরীপুর, ময়মনসিংহ। |
| **০৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ** | | |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গৌরীপুর: জানান যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের দাপ্তরিক নিয়মিত কার্যক্রমসমূহ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নে উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ এবং জনপ্রতিনিধি-সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নে উপজেলা নির্বাহী অফিসার এবং জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | সংশ্লিষ্ট সকল, গৌরীপুর, ময়মনসিংহ। |
| **০৮। উপজেলা মহিলা বিষয়ক দপ্তর** | | |
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, গৌরীপুর অদ্যকার সভায় জানান যে, তাঁর বিভাগের নিয়মিত কার্যক্রম সুষ্ঠভাবে চলমান রয়েছে।<br>**(ক)VWB কার্যক্রম:** আবেদন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। প্রাক বাছাই শুরো হয়েছে। প্রাক বাছাই শেষ করে চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে।<br>**(খ) মা ও শিশু সহায়তা কর্মসূচি:** মার্চ/২৫ থেকে জুন/২৫ পর্যন্ত বরাদ্দ পাওয়া যায় প্রতিমাসে ০৯ জন করে প্রতি ইউনিয়ন থেকে ৯*৪=৩৬ জন করে নির্বাচনের জন্য পত্র দেওয়া হয়েছে। তালিকা সম্পন্ন হলে যাচাই বাছাইযান্তে অনুমোদন করা হবে।<br>**(গ) কিশোর কিশোরী ক্লাব:** পৌরসভা ও ইউনিয়নের মোট ১১টি ক্লাবে সপ্তাহের শুক্র ও শনিবার সঙ্গীত ও আবৃত্তি বিষয়ে ক্লাস হয়। সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান মহোদয়কে ক্লাব পরিদর্শনের জন্য তিনি অনুরোধ করেন।<br>**(ঘ) নারী নির্যাতন ও বাল্যবিবাহ প্রতিরোধ:** নারী নির্যাতন প্রতিরোধ ও বাল্যবিবাহ প্রতিরোধ-সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নে জনপ্রতিনিধি-সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়।<br>কিশোর-কিশোরী ক্লাব পরিদর্শনের জন্য ইউপি চেয়ারম্যান/ প্রশাসকগণকে অনুরোধ করা হয়।<br>নারী নির্যাতন প্রতিরোধ এবং বাল্যবিবাহ প্রতিরোধ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান/ প্রশাসক (সকল) ও সংশ্লিষ্ট সকলে গৌরীপুর, ময়মনসিংহ |
| **০৯। উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ** | | |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গৌরীপুর জানান যে, উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। টি আর কাবিখার কাজ চলমান রয়েছে, ৩য় কিস্তির তালিকা দ্রুত উপজেলায় দাখিল করার জন্য অনুরোধ করা হলো। ১ম ও ২ য় কিস্তির কাজ দ্রুত শেষ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। ১৩ জুনের মধ্যে কাজ সমাপ্ত করে সংশ্লিষ্ট সকল চেয়ারম্যান/ প্রশাসকদের সমাপ্ত করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় টাকা ফেরত গেলে কর্তৃপক্ষ দায়ি থাকবে না। উপজেলার মোট ৫ টি ব্রিজের কাজ ও একটি এইচবিবির কাজ চলমান কয়েছে। খালে পানি আসায় একটি ব্রিজের ~~[illegible]~~ কাজ করা সম্বপহচ্ছে না।<br>তিনি জানান যে, অগ্নিকান্ডে দুর্ঘটনায় সহায়তা পাওয়ার ফরম যথাযথভাবে পুরণপূর্বক উপজেলায় প্রেরণের জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যান/প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করেন। | টি আর কাবিখা নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। অগ্নিকান্ডে দুর্ঘটনায় সহায়তা পাওয়ার ফরম যথাযথভাবে পুরণপূর্বক উপজেলায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট প্রকল্প কমিটি ও সংশ্লিষ্ট সকলে, গৌরীপুর |
| **১১। উপজেলা যুব উন্নয়ন দপ্তর** | | |
| উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গৌরীপুর অদ্যকার সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন অফিসের নিয়মিত কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নে তিনি সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন .তিনি জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে অত্র কার্যালয়ে (অংপ্রাঃ) প্রশিক্ষণ এপিএ চুক্তি অনুসারে চলমাস পর্যন্ত ০৯ টি প্রশিক্ষণ ব্যাচ সফলভাবে সম্পূর্ন করা হয়েছে । যুব ঋণ চলতি অর্থ বছরে ২০ জন ঋণ গ্রহীতার মাঝে ঋণ বিতরণ করা হয় ,ঋণের টাকার পরিমান ১৪৫০০০০/-টাকা যা এপিএ চুক্তি মোতাবেক প্রনয়ন করা হয় । চলমান মাসে ঋণ আদায় হার ( আত্মকর্মসংস্থান ঋণ কর্মসূচি) ৮৭.৫৪%,এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার -৯৪.৭৫%। চলতি অর্থবছরে চলমান মাসে আদায়ের হার (পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ) ১০০%,এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৯.৩৭% বিদ্যমান রয়েছে । ইমপ্যাক্ট ( বায়োগ্যাস প্ল্যান্ট) চলতি অর্থ বছরে ০৪ জন মাঝে ঋণ বিতরণ ও প্ল্যান্ট স্থাপন করা হয়, প্রশিক্ষণ চলমান প্রক্রিয়া রয়েছে। যুব সংগঠন | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গৌরীপুর |

| | | |
|---|---|---|
| নিবন্ধনঃ চলতি অর্থ বছরে ০৩(তিন)টি নিবন্ধন করা হয়েছে। খেলাপী ঋণ আদায়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সকল ইউনিয়ন চেয়ারম্যান সাহেবদের সহযোগীতা প্রদানের অনুরোধ জানান ,পাশাপাশি উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা উপজেলা নিবার্হী অফিসার মহোদয়ের স্বাক্ষরে খেলাপী ঋণ আদায়ের নোটিশ জারীর প্রস্তাব রাখেন । | | |
| **১২। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ** | | |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, গৌরীপুর এর প্রতিনিধি অদ্যকার সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের নিয়মিত কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরও জানান যে-<br>গৌরীপুর উপজেলার মোট জনসংখ্যা: ৩,৯০,৮৯৩ জন তন্মধ্যে পুরুষ ১,৯৭,৫২৭ জন এবং মহিলা ১,৯৭,৫২৭ জন। মোট সক্ষম দম্পতি ৬৩,৮১৭৫ জন। সর্বমোট পরিবার পরিকল্পনা গ্রহণকারী ৪৭,৬৬৯ জন। মোট গ্রহণকারীর হার ৭৪.৭০%। গর্ভবতীর সংখ্যা ২৪৫১ জন।<br>তিনি নিম্নোক্তভাবে এপ্রিল/২০২৫ মাসের পদ্ধতি ভিত্তিক অগ্রগতি বর্ণনা করেন-<br>০১। পুরুষ বন্ধ্যাকরণ : ০০ জন।<br>০২। মহিলা বন্ধ্যাকরণ: ০১ জন।<br>০৩। আইইউডি : ২৫ টি।<br>০৪। ইমপ্ল্যান্ট : ১৫৮ টি।<br>০৫। ইনজেকশন : ৩৭৫ ভায়েল।<br>০৬। খাবার বড়ি (সুখী) : ১০৭১ চক্র।<br>০৭। খাবার বড়ি (আপন) : ২২৯ চক্র।<br>০৮। কনডম : ৮২৫৪ পিস।<br>বিভাগীয় লক্ষ্যমাত্রা অর্জন ও দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে জনপ্রতিনিধি-সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | সরকারী লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ও সংশ্লিষ্ট সকল, গৌরীপুর |
| **১৩। উপজেলা সমাজসেবা বিভাগ** | | |
| উপজেলা সমাজসেবা অফিসার, গৌরীপুর অদ্যকার সভায় জানান যে, তাঁর দপ্তরের নিয়মিত কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন চলমান রয়েছে। মৃত ও অযোগ্য ভাতা প্রতিস্থাপনের জন্য ইউপি চেয়ারম্যানদের চিঠি প্রেরণ করা হয়েছে। চতুর্থ কিস্তি পেরোল প্রেরনের পূর্বে মৃত ও অযোগ্য ভাতা প্রতিস্থাপন করে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নে তিনি জনপ্রতিনিধিবৃন্দ-সহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, ইউপি চেয়ারম্যান/ প্রশাসক (সকল) ও সংশ্লিষ্ট সকল গৌরীপুর। |
| **১৪। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর** | | |
| উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর নিয়মিত কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।<br>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে তিনি জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গৌরীপুর ও সংশ্লিষ্ট সকল। |
| **১৫। উপজেলা পল্লী উন্নয়ন (বিআরডিবি) বিভাগ** | | |
| উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গৌরীপুর সভায় জানান যে, তাঁর দপ্তরের নিয়মিত কার্যক্রমসমূহ যথারীতি সুষ্ঠুভাবে চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে তিনি জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে এবং নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গৌরীপুর |
| **১৬। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যালয়** | | |
| উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, গৌরীপুর অদ্যকার সভায় জানান যে, তাঁর দপ্তরের নিয়মিত কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। তিনি ২০২৪-২৫ অর্থবছরের সার্বিক কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপভাবে উপস্থাপন করেন:<br>* সমিতির সংখ্যা = ৯২টি। * মোট সদস্য সংখ্যা = ৩৯৭৪ জন।<br>* চলতি মাসে ঋণ বিতরণ = ৬২.১২ লক্ষ টাকা। * চলতি মাসে ঋণ আদায় = ৪০.৬৭ লক্ষ টাকা। * চলতি মাসে সঞ্চয় আদায় = ৯.৩৩ লক্ষ টাকা।<br>* চলতি বছরে মোট ঋণ বিতরণ = ৩৩৩.৫৭ লক্ষ টাকা | লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, গৌরীপুর |

| | | |
|---|---|---|
| * চলতি বছরে মোট ঋণ আদায় = ৩৬৭.৩৪ লক্ষ টাকা।<br>* মোট সঞ্চয় স্থিতি = ৬৬৮.২৪ লক্ষ টাকা।<br>* চলতি ঋণ আদায় হার = ৯৭%<br>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | | |
| ১৭। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | | |
| সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গৌরীপুর অদ্যকার সভায় অত্র উপজেলাধীন সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল আপডেট করার জন্য অনুরোধ জানান। ওয়েব পোর্টাল হালনাগাদকরণে কোনো-প্রকার প্রতিবন্ধকতার সম্মুখীন হলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গৌরীপুরে যোগাযোগের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | উপজেলাধীন সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান, প্রশাসনিক কর্মকর্তা (সকল), গৌরীপুর এবং দপ্তর প্রধান (সকল), গৌরীপুর |
| ১৯। বিবিধ | | |
| উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ব্যয়ের সকল খাত সমূহ নিয়ে ব্যয়ের বিষয়ে বিষদ আলোচনা করা হয়। | সিলিং মোতাবেক বিভিন্ন খরচের আর্থিক বিধি বিধান ও রীতিনীতি যথাযথভাবে অনুসরণ পূর্বক ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ। |

অদ্যকার সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৫/২৫

এম. সাজ্জাদুল হাসান
প্রশাসক
উপজেলা পরিষদ
ও উপজেলা নির্বাহী অফিসার
গৌরীপুর, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১২৩.০০০.৯৯.০৩৬.২৪- ৪২৬/১(৫০)

তারিখ- ২৮/০৫ /২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

০১. সচিব, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৫. প্রশাসক, গৌরীপুর পৌরসভা, গৌরীপুর, ময়মনসিংহ।
০৬. চেয়ারম্যান/ প্রশাসক ........................................................................................ইউনিয়ন পরিষদ, গৌরীপুর, ময়মনসিংহ।
০৭. উপজেলা......................................................................................................... অফিসার, গৌরীপুর ময়মনসিংহ।
০৮. অফিস কপি।

২৮/০৫/২৫

(এম. সাজ্জাদুল হাসান)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
গৌরীপুর, ময়মনসিংহ।